



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
BANGLADESH POWER DEVELOPMENT BOARD

তদন্ত ও শৃংখলা পরিদপ্তর
ওয়াপদা ভবন (১০ম তলা)
মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০

স্মারক নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০০৫.২৪-১৪৪

তারিখঃ- ২৪/১০/২০২৪খ্রিঃ

১। জনাব মোঃ শরীফুল মোল্লা,
সাহায্যকারী,
ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র,
৪র্থ ইউনিট, বিউবো, পলাশ, নরসিংদী।

২। জনাব মোঃ শরীফুল মোল্লা,
সাহায্যকারী,
পিতাঃ মোঃ কফিল উদ্দিন মোল্লা,
গ্রামঃ চলনা, পোঃ চরসিন্দুর,
থানাঃ পলাশ, জেলাঃ নরসিংদী।

৩। জনাব মোঃ শরীফুল মোল্লা,
সাহায্যকারী, শাপলা-৪/৩১,
ঘোড়াশাল আবাসিক এলাকা
ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র,
৪র্থ ইউনিট, বিউবো, পলাশ, নরসিংদী।

বিষয়ঃ- চাকরি হইতে বরখাস্ত করার দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, জনাব মোঃ শরীফুল মোল্লা, সাহায্যকারী, ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র, ৪র্থ ইউনিট, বিউবো, পলাশ, নরসিংদী এর বিরুদ্ধে সূত্র নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০০৫.২৪-২৬, তারিখ-০৯/০৪/২০২৪ইং মোতাবেক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকরি বিধিমালা-১৯৮২ এর ১৩৮ (এ) ও (সি) এবং ২ (৩১) নং বিধি মোতাবেক "কর্তব্য অবহেলা" ও "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা চালুর লক্ষ্যে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, তিনি কৈফিয়ত তলবের জবাব প্রদান করেন নাই বিধায় সূত্র নং- ২৭.১১.০০০০.২১৩.০৪.০০৫.২৪-৭৪, তারিখ- ০২/০৬/২০২৪ইং মোতাবেক অভিযোগনামা জারী করিয়া আনীত অভিযোগ তদন্ত করার জন্য একই তারিখের সূত্র নং- ২৭.১১.০০০০.২১৩.০৪.০০৫.২৪-৭৫ মোতাবেক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী)চাকরি বিধিমালা-১৯৮২ এর ১৪৩ (৩) বিধি মোতাবেক একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তিনি তদন্ত কর্মকর্তার নিকট অভিযোগনামার জবাব পেশ করেন নাই এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন নাই;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ধার্যকৃত শুনানীর দিন আলোচ্য অভিযুক্ত কর্মচারীর অনুপস্থিত ছিলেন সেহেতু তাহার অনুপস্থিতিতে তদন্ত সম্পন্ন করিয়া তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রতিষ্ঠিত উল্লেখপূর্বক ০২/০৭/২০২৪ইং তারিখে তদন্ত প্রতিবেদন পেশ করেন;

যেহেতু, কর্তৃপক্ষ আলোচ্য মামলার তদন্তকারী কর্মকর্তার পেশকৃত তদন্ত প্রতিবেদন, অভিযোগ সংক্রান্ত কাগজপত্র ও আনুষাংগিক বিষয়াদি বিচার বিবেচনাপূর্বক সূত্র নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০০৫.২৪-৭৪, তারিখ-০২/০৬/২০২৪ইং মোতাবেক জনাব মোঃ শরীফুল মোল্লা, সাহায্যকারী, ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র, ৪র্থ ইউনিট, বিউবো, পলাশ, নরসিংদী এর বিরুদ্ধে আনীত অভিযোগের জন্য তাহাকে দোষী সাব্যস্ত করিয়া প্রতিষ্ঠিত অভিযোগের গুরুত্ব বিবেচনাক্রমে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড(কর্মচারী) চাকরি বিধিমালা-১৯৮২ এর ১৩৯ (১) (এইচ) নং বিধি মোতাবেক চাকরি হইতে বরখাস্ত এর শাস্তি আরোপ করার অন্তর্বর্তীকালীন সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত শাস্তি কেন আরোপ করা হইবে না ইহার কারণ দর্শানোর দ্বিতীয় সুযোগ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে।

সেহেতু, এক্ষণে আলোচ্য অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ শরীফুল মোল্লা, সাহায্যকারী, ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র, ৪র্থ ইউনিট, বিউবো, পলাশ, নরসিংদী এর বিরুদ্ধে আনীত "কর্তব্য অবহেলা" ও "অসদাচরণ" এর অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় (তদন্ত প্রতিবেদনের ফটোকপি সংযুক্ত) তাহাকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড(কর্মচারী) চাকরি বিধিমালা-১৯৮২ এর ১৩৯ (১)(এইচ) নং বিধি মোতাবেক চাকরি হইতে বরখাস্ত এর শাস্তি কেন আরোপ করা হইবে না অত্র নোটিশ জারীর ১০(দশ) দিনের মধ্যে তাহার কারণ দর্শানোর নির্দেশনা প্রদান করা হইল। নির্ধারিত সময়ের মধ্যে তাহার নিকট হইতে কোন জবাব না পাওয়া গেলে তাহার বিরুদ্ধে একতরফাভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

বিদ্যুৎ/জন- ১৩৩ (২) ২৪/১০/২৪

নির্দেশক্রমে,

২৪/১০/২৪

(রেহানা আক্তার)

আইডি নং-০২-০২৩৮'

উপ-পরিচালক-২,

তদন্ত ও শৃংখলা পরিদপ্তর,

বিউবো, ঢাকা

সত্যায়িত

২৪/১০/২৪

মমতাজ পারভীন

উপ-পরিচালক (জনসংযোগ)

আইডি নং-০৮-০০০৬

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

২৪.১০.২৪